International peer Reviewed Journal
ISSN 2321-7340 Print
ISSN 2583-360X online
Lok-Utsa 5, Vol.-2: Issue-I: January 2023

মাটির সংস্কৃতির উৎস সন্ধানে—

# লোক-উৎস

মুখ্য সম্পাদক

ড. পরিমল বর্মণ

মাথাভাঙ্গা * কুচবিহার

**LOKA-UTSA 5**
Vol: 2, Issue: 1
January, 2023
ISSN 2321-7340 for Print
ISSN 2583-360X For Online
Chief Editor : Dr. Parimal Barman

RNI Tittle Verified No:WBMUL00685
Language : Multiple Language
Annual Peer Reviewed Research Journal
on Arts & Literature and All Humanitics
Rs.299.00 for India, 5$ USD for others Country

স্বত্ব : সম্পাদক

প্রচ্ছদ ও অক্ষর বিন্যাস : দীপক  বর্মণ, সূর্যদেব বর্মণ

প্রকাশক ও সম্পাদনা দপ্তর
ড. পরিমল বর্মণ
সংস্কৃতি ভবন, ওয়ার্ড নং-১১
পচাগড়, মাথাভাঙ্গা রোড
পো:-মাথাভাঙ্গা, কুচবিহার, পশ্চিমবঙ্গ, ভারত, পিন-৭৩৬১৪৬
প্রথম প্রকাশ জানুয়ারি, ২০২৩
মোঃ ৭৬০২১৩০৩০১/৮৯১৮৩৬৭৪৩৩
www.lokutsa.com
Email: chiefeditor@lokautsa.com

মুদ্রণ : শান্তি উদ্যোগ, সুকিয়া স্ট্রিট, কলকাতা

**মূল্য : ২৯৯.০০ টাকা মাত্র**

# লোকসংস্কৃতি রক্ষায় নারীর অবদান

মন্দিরা পাল
সহকারী অধ্যাপিকা
পাঁশকুড়া বনমালী কলেজ

সংস্কৃতি মানুষের সার্বিক প্রচেষ্টার ফল। যার মাধ্যমে সে পরিবেশের সঙ্গে নিজেকে খাপ খাওয়ায় এবং জীবন প্রণালীকে উন্নত করে। বর্তমান বিশ্বব্যবস্থার সংস্কৃতির পরিধি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। মানুষের মধ্যে সংস্কৃতি চেতনার বিকাশ ঘটেছে। এক দেশের সংস্কৃতি অন্য দেশে প্রবেশ করেছে। বিশ্বায়নের প্রভাবে এক সমাজ অন্য সমাজের সংস্কৃতিকে লালন পালন করেছে। যার ফলে সংস্কৃতির পরিবর্তনের সাথে সমাজের প্রথা, কৃষ্টি আচরণের পরিবর্তন করতে হয়। সংস্কৃতি প্রসঙ্গে সমাজ বিজ্ঞান# James বলেন—é'Culture is the summary Man's creation'অর্থাৎ মানব সৃষ্ট সব কিছুর সমষ্টিই হচ্ছে সংস্কৃতি। সংস্কৃতি শব্দটি ইংরাজী প্রতিশব্দ হল এহZ Culture ল্যাটিন শব্দ Colere থেকে এই Culture শব্দটি এসেছে Colere সাংস্কৃতিক শব্দের অর্থ হল কর্ষক করা বা চাষ করা। অর্থাৎ সংস্কৃতি বলতে বুঝায় কর্ষণের মাধ্যমে প্রাপ্ত বিষয়। মানব সংস্কৃতির অত্যন্ত শক্তিশালী উপাদান হলো বিশ্বাস। বিশ্বাস কেনো বিশেষ কোনো বিশেষ একটি বিষয় সম্পর্কে ব্যক্তির সত্যের স্থির প্রত্যয়ন।

সংস্কৃতির উপাদান হিসেবে বিশ্বাসের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ ও কার্যকরী। এ বিষয়ে দ্বিমতের অবকাশ নেই। সমাজ বসবাসরত মানুষকে বিশ্বাস থেকেও দৃঢ়তার সাথে কাজ করতে দেখা যায়। ব্যক্তি বা ব্যক্তিবর্গের লক্ষ্যকে এবং সেই লক্ষ্যকে উপনীত হওয়ার উপায়কে বিশ্বাস প্রভাবিত করে থাকে। আবার বিশ্বায়নেও একদেশের সমাজের বিশ্বাসকে অন্যদেশের সমাজকে প্রভাবিত করে থাকে। অর্থাৎ সামগ্রিক বিচারে মানুষের আচার-আচরণ ও প্রবণতার উপর বিশ্বাসের প্রভাব প্রতিক্রিয়া অতিমাত্রায় সক্রিয়।

সংস্কৃতির সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে লোকসংস্কৃতি। ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে প্রচুর আদিম জনজাতি রয়েছে। প্রত্যেক জনজাতির নিজস্ব ভাষা, নিজস্ব ঐতিহ্য রয়েছে। যা বর্তমান ক্ষেত্রে বিশ্বায়নের কবলে পড়ে ধ্বংসপ্রাপ্ত হয়ে রয়েছে। এই সংস্কৃতিকে রক্ষা করা অন্যতম প্রধান কর্তব্য। এই

লোকসংস্কৃতিকে রক্ষা করা না হলে প্রত্যেক জনগোষ্ঠীর নিজস্ব সত্ত্বা হারিয়ে যাবে। এই সকল জনগোষ্ঠীগুলি বিশ্বায়ন ও তথ্য প্রযুক্তির অগ্রগতির ফলে বিশ্বসংস্কৃতির সাথে পরিচিতি হচ্ছে এবং সেগুলিকে নিজেদের মধ্যে গ্রহণ করেছে, কিন্তু হারিয়ে ফেলেছে নিজেদের ঐতিহ্য ও নিজেদের সংস্কৃতি।

লোকসংস্কৃতি সংরক্ষণে অন্যতম ভূমিকা গ্রহণ করে থাকে সেই সমাজ বা জনগোষ্ঠীর অর্ন্তগত নারীরা। প্রত্যেক জনগোষ্ঠীর নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি, রীতিনীতি রয়েছে। যা এক প্রজন্ম থেকে পরবর্তী প্রজন্ম সঞ্চায়িত হয়। এই সংস্কৃতির সঞ্চোলন এবং সংরক্ষণে নারী এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। লোকসাহিত্যেও নারীর এক গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্বীকার করে নেওয়া হয়েছে। Gayathri Nanada লেখিয়েছেন যে, লোক গল্পগুলি মূলত শুরু হতো মহিলাকে কেন্দ্র করে। পরে তার পরিবার কন্যা, পুত্র প্রভৃতিকে কেন্দ্র করে আবর্তিত হতো। কোনো পুরুষকে কেন্দ্র করে গল্প শুরু হয়েছে, এরকম নিদর্শন প্রায় নেই। তাই এগুলি থেকে বোঝা যায়, মূলত আদিবাসী সমাজ ছিল মাতৃকেন্দ্রীক, মহিলাদের থাকেই গল্পগুলি ক্রমশ এক প্রজন্ম থেকে পরবর্তী প্রজন্ম সঞ্চালিত হতো।

লোকসংস্কৃতির গল্পগুলি মূলত প্রচারিত এবং তৈরি হয় মহিলাদের দ্বারাই, কিছু সংস্কৃতিক গল্পের মধ্যে দিয়ে নির্দিষ্ট কিছু ধর্মীয় আচার অনুষ্ঠান বর্ণিত হয়। এই গল্পগুলির মহিলাদের স্বত্ত্বার সাথে জড়িত। এগুলি ছাড়া তারা অপূর্ণ। লোকগল্পগুলির শেষে বেদনাদায়ক পরিণতি খুব কমই দেখা যায় বেশিরভাগ ক্ষেত্রেই গল্প সমাপ্ত হয় আনন্দদায়ক মুহুর্তের মধ্য দিয়ে। এই গল্পগুলির মধ্য দিয়ে জীবনের সাধারণ সত্য এবং মানব জীবনের বিভিন্ন স্তর ও প্রতিফলিত হয়।

এই গল্পগুলির মধ্য দিয়ে মহিলাদের প্রতি গোষ্ঠীর ভালোবাসা এবং সম্মান প্রদর্শিত হয়। এই লোকগল্পের মধ্য দিয়ে জীবনের বিভিন্ন দিক যেমন ভাই বোনকে কঠিন পরিস্থিতির দিকে ঠেলে দিচ্ছে, দম্পতি সাতটি ছেলের পর ভগবানের কাছে কন্যা সন্তানের জন্য প্রার্থণা করেছে প্রভৃতি। লোক গল্পগুলির মধ্য দিয়ে মূলত গোষ্ঠীর চিন্তাধারা প্রতিফলিত হতো, লোক সংস্কৃতিতে নারীকে পুরুষ নিয়ন্ত্রিত সমাজে অন্যভাবে দেখানো হতো। লোকসাহিত্য সীতা ও সাবিত্রীর মতো চরিত্রকে প্রাধাণ্য দেওয়া হয়েছে। 'Song of the Household Women' (Garatiya Hadugala) ঠসখানে নারীকে বিভিন্ন গান গাইতেন, যেগুলি মূলত ছিলো বীজ বপনের, অত্যন্ত গৃহস্থালির কাজকর্মের। তবে এগুলির রচয়িযা কারোর নাম জানা যায়নি। তবে এগুলির বংশ পরম্পরায় পরিচালির হতে থাকে। এই গানগুলির

মধ্যে লোকসংস্কৃতির শিকড় বিদ্যমান।

লোক গল্পেও নারীরা কিন্তু তার দায়িত্ব থেকে মুক্ত পায় নি। লোক গল্পে দেখানো হয়েছে যতই প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হোক না কেন নারী সেখান থেকে পালাবার চেষ্টা করেনি। Gayathri Nanada তাঁর 'Women in Folk Stories' দেখিয়েছেন যে, "Women as one meaning her life out of the threads of human relations, as one inuring. Nor force when others get into difficulties by accepting humanity alone as her life-value."

বিশ্বায়ন ও বেসরকারীকরণ নারীর অধিকারকে ক্ষতিগ্রস্থ করেছিল। সমাজে নারীর মর্যাদাও ক্ষুন্ন করা হয়েছিলো। নারী মৃত্যুর সংখ্যা বৃদ্ধি, নারীর নির্যাতন ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। পুরুষ আধিপত্য সমাজে নারী প্রায় কোণঠাসা হয়ে পড়ে। বর্তমান সমাজে অর্থ উপর্জন এবং সম্পদ সৃষ্টি করাই মূল লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে। যদিও সততা, ত্যাগ প্রভৃতি মূল্যবোধগুলির প্রয়োজন যা অস্বীকার করার উপায় নেই। এই মূল্যবোধই জীবনকে সঠিক পথে পরিচালিত হতে সাহায্য করে।

লোকসংস্কৃতির শিকড় মূলত নারীর মধ্যেই নিহিত রয়েছে। নারীরই একমাত্র পারে সমাজকে অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে। তার সাথে সাথে সমাজের সকল স্তরের মানুষের নিজের সংস্কৃতির প্রতি সচেতনতারও প্রয়োজন। পুরুষতান্ত্রিক সমাজে সামজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ক্ষেত্রগুলি নারীকে অপমানের প্রচেষ্টা করা সত্ত্বেও নারীরা অগ্রসর হয়েছে এবং নিজেদেরকে বিকশিত করেছে। লোকসংস্কৃতি নারীর জীবনের অঙ্গ হয়ে উঠেছে। বিশ্বায়নের চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও, ড. নাগরাজ তাই বলেছেন লোকসংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে "Patience and Persevrance of Woman could be a guiding force".

**তথ্যসূত্র :**

1. Dakshina Kannada Pranivasathi, Dr. Ambalike Hirijanna.
2. Uttra Karnatakeda Kathegalu, Simpi Linganna.
3. Garatiya Hadugalu.
4. Women in Folk Storise, Gayathri Nanada.